# ঠাকুরগাঁও সদর উপজেলা পরিষদের এপ্রিল/২০২৫ সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ খাইরুল ইসলাম
প্রশাসক
উপজেলা পরিষদ
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

তারিখ : ২৮/০৪/২০২৫ খ্রিঃ।

সময় : সকাল ১১-০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'।

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে অত:পর আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার-কে আহ্বান জানানো হলে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। <u>পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন</u>

উপজেলা নির্বাহী অফিসার গত ১৩/০৩/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীর কোন সংযোজন বিয়োজন না থাকায় তা অনুমোদন ও দৃঢ় করা হয়।

২। <u>বিভাগওয়ারী কার্যক্রম পর্যালোচনা</u>

সভাপতি বিভাগীয় কার্যক্রম পর্যালোচনার আহ্বান জানালে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | <u>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়</u><br>(ক) <u>ওয়েব পোর্টাল সংক্রান্ত আলোচনা:</u> উপজেলা নির্বাহী অফিসার জানান, জাতীয় তথ্য বাতায়ন পৃথিবীর বৃহত্তম তথ্য বাতায়ন। মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ গড়ার অংশ হিসেবে দেশের সকল সরকারী/আধা-সরকারী দপ্তরের তথ্য সহযোগে নির্মিত জাতীয় তথ্য বাতায়ন হাল-নাগাদ রাখার লক্ষ্যে এ উপজেলার ওয়েব পোর্টাল আপডেট রাখতে হবে। সকল ইউপি চেয়ারম্যান, সদস্যদের তথ্য ওয়েব পোর্টালে আপ-লোড করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। বদলীজনিত কারণে নব যোগদানকৃত কর্মকর্তা/কর্মচারী সম্পর্কে হাল-নাগাদ তথ্য তাৎক্ষনিকভাবে ওয়েব পোর্টালে সন্নিবেশ করতে হবে। এ লক্ষ্যে thakurgaonsadar. thakurgaon.gov.bd ঠিকানায় ভিজিট করে হাল নাগাদ তথ্য আপলোড করার জন্য সকল বিভাগীয় কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।<br>(খ) <u>শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন:</u> প্রতিটি অফিস আদালতে শুদ্ধ আচরণ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার সকল সরকারী কর্মকর্তা/জনপ্রতিনিধিগণের দৃষ্টি আকর্ষন করেন।<br>(গ) <u>ইনোভেশন সংক্রান্ত আলোচনা:</u> উপজেলা নির্বাহী অফিসার জানান, স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে এবং স্বল্প যাতায়াতে জনগণকে সেবা প্রদান করতে হবে। তিনি আরো জানান, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের জন্য প্রিজাইডিং অফিসার নিয়োগ এবং এডহক কমিটিতে অভিভাবক সদস্য মনোনয়নের কার্যক্রমে অন-লাইন চালু করা হয়েছে। এতে করে উক্ত সেবা গ্রহীতাগনকে এখন সেবাটি পাওয়ার জন্য দেরী করতে হয় না। অফিসে আসা লাগে না এবং সেবাটি পেতে কোন অর্থ খরচ করতে হচ্ছে না। অন্যান্য কর্মকর্তাগণকে তিনি নিজ নিজ চিন্তা-চেতনার মাধ্যমে দাপ্তরিক কার্যক্রমে গতি আনয়নের লক্ষ্যে নিত্য-নতুন কৌশল উদ্ভাবন করতে পরামর্শ প্রদান করা হয়। | ১. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।<br>২. শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন করতে হবে।<br>৩. স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে এবং স্বল্প যাতায়াতে জনগণকে সেবা প্রদানের লক্ষ্যে ইনোভেশন কার্যক্রম চালু রাখতে হবে। | উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকল |
| ০২ | <u>স্বাস্থ্য ও প.প. বিভাগ</u><br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি সভায় জানান যে, সালন্দর উপ-কেন্দ্রের দক্ষিণ পার্শ্বে কয়েকটি দোকান নির্মাণ করা হয়েছে। কিন্তু দোকানগুলো অবৈধভাবে স্থাপন করা হয়েছে। ইতোমধ্যে প্রশাসনের সহায়তায় অবৈধ দোকানগুলো উচ্ছেদ কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে সালন্দর ইউনিয়ন পরিষদ উপ-স্বাস্থ্য কেন্দ্রের সীমানা প্রাচীর নির্মাণ করতে গেলে প্রকৃত সীমানা নির্ধারণের জন্য জমির পরিমাপ করা প্রয়োজন। সীমানা প্রাচীরের নির্মাণ কাজ যেন সঠিক জায়গায় নির্মিত হয়। তিনি আরও জানান যে, গত মার্চ/২০২৫ মাসের উপজেলা পরিষদের সাধারণ সভায় বালিয়া ইউনিয়নের বালিয়া উপ-স্বাস্থ্য কেন্দ্রের ভিতরে মাইক্রোবাস ও অটোরিক্সাগুলোর উচ্ছেদের জন্য অফিসার-ইন-চার্জ, ভুল্লী থানাকে দায়িত্ব প্রদান করা হয়েছিল কিন্তু অদ্যাবধি কোন অগ্রগতি হয় নাই। জনগণের চিকিৎসার সেবা সহজকরণের লক্ষ্যে জরুরী ভিত্তিতে উক্ত উপ-স্বাস্থ্য কেন্দ্রের ভিতর | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার। |

<table>
<tr><td></td><td>থেকে মাইক্রোবাস ও অটোরিক্সাগুলোর উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার-ইন-চার্জ, ভূল্লী থানাকে পুনরায় অনুরোধ করা হলো। তিনি আরও জানান যে, ঠাকুরগাঁও সদরের জগন্নাথপুর ইউনিয়নের চন্ডিপুর কমিউনিটি ক্লিনিকের সীমানা প্রাচীর নির্মাণের লক্ষ্যে ক্লিনিকের জমিদাতা ও স্থানীয় আশপাশের জমির মালিকগণের উপস্থিতিতে চন্ডিপুর কমিউনিটি ক্লিনিকের ৫ শতাংশ জমির সীমানা নির্ধারণ করা হয়েছে কিন্তু ক্লিনিকের অনুকূলে বরাদ্দ না থাকায় সীমানা প্রাচীর নির্মাণ করা সম্ভব হচ্ছে না। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য, চেয়ারম্যান, ১৭নং জগন্নাথপুর ইউপিসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।</td><td></td><td></td></tr>
<tr><td>০৩</td><td><u>উপজেলা প্রকৌশল দপ্তর:</u><br>জনাব মোঃ মাবুদ হোসেন, উপজেলা প্রকৌশলী হিসেবে গত ২০/০৪/২০২৫ তারিখে অত্র উপজেলা যোগদান করেছেন। তিনি জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান এডিপি ও রাজস্ব প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৮টি প্যাকেজে ২৬ প্রকল্পের কাজ চলমান রয়েছে এবং দুটি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে। এছাড়াও এলজিইডির আওতায় দুটি ভূমি অফিসের কাজ চলমান রয়েছে এবং ইতোমধ্যে আখানগর, সালন্দর, বালিয়া, বেগুনবাড়ী, শুখানপুকুরী এবং মোহাম্মদপুর ইউনিয়ন ভূমি অফিস মোট ০৬টি ইউনিয়ন ভূমি অফিসের ভবন নির্মাণের জন্য টেন্ডার আহ্বান করা হয়েছে। অল্প কিছু দিনের মধ্যে ঠিকাদার নির্বাচন কাজ সম্পূর্ণ হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরও জানান যে, ঠাকুরগাঁও সদর উপজেলাধীন ০২নং আখাগর ইউনিয়নের হারাগাছ পাড়া হতে ভেলারহাট যাওয়ার রাস্তায় জনাব মোঃ আব্দুল জব্বার, সাবেক চেয়ারম্যানের বাড়ির পশ্চিম পার্শ্বে একটি জরাজীর্ণ কালভার্ট রয়েছে। উক্ত কালভার্ট দিয়ে জনগণের চলাচলের ভীষণ অসুবিধা হচ্ছে। উক্ত কালভার্টটি মেরামত করা জরুরী। উক্ত কালভার্টটি মেরামত করতে প্রায় ১৫০০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) ব্যয় হবে। তিনি আরও জানান যে, রহিমানপুর ইউনিয়নের হরিহরপুর গ্রামে উপর দিয়ে শূক নদী বয়ে গেছে'। উক্ত গ্রামে প্রায় দশ হাজার মানুষের বসবাস রয়েছে। উল্লেখিত বসতি থেকে শুকনা মৌসুমে পায়ে হেঁটে ঠাকুরগাঁও রোড বাজার আসতে প্রায় ৫-৭মিনিট সময় লাগে কিন্তু উল্লেখিত গ্রাম থেকে বর্ষা মৌসুমে (জুন-অক্টোবর মাসে) প্রায় ২.৫০ কিলোমিটার রাস্তা ঘুরে বিভিন্ন জিনিসপত্র ক্রয় বিক্রয়ের জন্য ঠাকুরগাঁও রোড বাজারে বা ঠাকুরগাঁও শহরে আসতে হয়। গত ২০২৩ সালে জুলাই মাসে শূক নদীর বাঁশের সাঁকো দিয়ে পারাপারের সময় নদীতে পড়ে পানি ডুবে একজন শিশুর মৃত্যু বরণ করেন। তিনি তাই উক্ত গ্রামের জনগণের চলাচলের সুবিধার্থে তিনি রহিমানপুর ইউনিয়নের হরিহরপুর হতে হাজীপাড়া সড়কে শূক নদীর উপর রাজস্ব উন্নয়ন তহবিল হতে ১৫০০০০০/- (পনের লক্ষ) দ্বারা ২টি প্রকল্প গ্রহণ করে কাঠের ফুট ব্রীজ নির্মাণ করার প্রস্তাব করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত প্রকল্প জনগুরুত্বপূর্ণ হওয়ায় উপজেলা পরিষদের রাজস্ব উন্নয়ন তহবিলের অর্থায়ণে ১। রহিমানপুর ইউনিয়নের হরিহরপুর হতে হাজীপাড়া সড়কে শূক নদীর উপর কাঠের ব্রীজ নির্মাণ পাট-১ এবং ২। রহিমানপুর ইউনিয়নের হরিহরপুর হতে হাজীপাড়া সড়কে শূক নদীর উপর কাঠের ব্রীজ নির্মাণ পাট-২ প্রকল্প দুটি কোটেশনের মাধ্যমে জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। উপজেলা প্রকৌশলীর সভায় আরও উপজেলা পরিষদের সীমানা প্রাচীর, গ্যারেজ, পুকুর পাড়ের ওয়ার্ক ওয়ে, ঘাটলা, পুকুরের সীমানা প্রাচীর, একটি গুদামঘর অনেকদিন থেকে মেরামত না করার কারণে জরাজীর্ণ অবস্থায় পড়ে রয়েছে। অবকাঠামোগুলো প্রায় পরিত্যক্ত হওয়ার পথে। এছাড়াও উপজেলা পষিদের মুল প্রবেশ গেটটি ঠাকুরগাঁও-দিনাজপুর মহাসড়ক হতে উপজেলা পরিষদের মূল প্রবেশ গেটটি নিচু হওয়ায় বিভিন্ন সময় মালবাহী কোন পরিবহন উপজেলা পরিষদের অভ্যন্তরে প্রবেশ করতে পারে না। ফলে বিভিন্ন রকম বিরম্বনার শিকার হতে হয়। উপজেলা পরিষদের মূল প্রবেশ গেট ও জরাজীর্ণ অবকাঠামোগুলো মেরামত এবং সংস্কার করা অতীব জরুরী হয়ে পড়েছে। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকায় বাধ্য-বাধকতা থাকায় এবং উপজেলা রাজস্ব তহবিলে অর্থ সংকুলান না হওয়া প্রস্তুতকৃত প্রাক্কলন মোতাবেক অতিরিক্ত বরাদ্দ চেয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগ, উপজেলা- ২ শাখা পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগ, উপজেলা- ২ শাখা গত ২৩ জানুয়ারি ২০২৫ তারিখে ৪৬ স্মারকে নিম্নরূপ প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য ৪০.০০ (চল্লিশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দ পত্র নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপজেলা প্রকৌলশী সভায় জানান যে, নিম্নরূপ প্রকল্পগুলো ২০২৪-২০২৫ অর্থ বছরের জুন মাসের মধ্যেই বাস্তবায়ন করতে হবে, তা না হলে জুন মাসের মধ্যে লেপস হয়ে যাবে। যেহেতু এই মুহূর্তে টেন্ডার আহ্বান করে কাজ বাস্তবায়নের যতেষ্ট সময় নেই, সেহেতু প্রকল্পগুলো পিপিআর-২০০৮ অনুয়ায়ী কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন। উক্ত প্রস্তাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ প্রকল্পগুলো কোটেশন/আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। প্রকল্পসমূহ নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র.নং</th><th>প্রকল্পের নাম</th><th>টাকার পরিমান</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবন মেরামত করণ</td><td>৯১৩১৮৩.১২</td></tr>
</table></td><td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।<br>২। সভায় বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত প্রকল্পসমূহ আরএফকিউ/ কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>৩। সভায় বিস্তাতির আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সীমানা প্রাচীর নির্মাণ এবং উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের রাস্তা সিসিকরণ(উঁচুকরণ) প্রকল্প দুটি আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>৪। সভায় বিস্তারিত আলোচনান্তে রহিমানপুর ইউনিয়নের উপর প্রস্তাবিত দুটি প্রকল্পের আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়ণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>৫। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ ৩নং অনুচ্ছেদের উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ব্যয়ের ক্ষেত্রসমূহের ঘ নম্বর উপ-অনুচ্ছেদে অপ্রত্যাশিত খাতে অতিরিক্ত ৪০,০০০০০/- (চল্লিশ লক্ষ) টাকা ব্যয়ের জন্য প্রশাসনিক অনুমোদন চেয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা বরাবরে পত্র প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসার।</td></tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td>
<table>
<tr><td>০২</td><td>উপজেলা পরিষদের পুরাতন প্রশাসনিক ভবন মেরামত করণ</td><td>৭৭৬৭২১.৩১</td></tr>
<tr><td>০৩</td><td>উপজেলা পরিষদের সীমানা প্রাচীর মেরামত করণ পাট-১</td><td>৭৭০০১৪.০৯</td></tr>
<tr><td>০৪</td><td>উপজেলা পরিষদের সীমানা প্রাচীর মেরামত করণ পাট-২</td><td>৭৭০০৩১.৪৬</td></tr>
<tr><td>০৫</td><td>উপজেলা পরিষদের সীমানা প্রাচীর মেরামত করণ পাট-৩</td><td>৭৭০০৫০.০২</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট= চল্লিশ লক্ষ টাকা মাত্র।</td><td>৪০০০০০০.০০</td></tr>
</table>
উপজেলা প্রকৌশলী আরও জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ(উপজেলা-১ শাখা) হতে গত ২৩ নভেম্বর ২০২৩ তারিখে ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.০০৮.১৫-৭৬৮ নম্বর স্মারকে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সীমানা প্রাচীর নির্মাণ এবং উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের রাস্তা সিসিকরণ(উঁচুকরণ) উপজেলা পরিষদের অর্থায়নের প্রকল্প দুটি বাস্তবায়নের জন্য অনুমতি পাওয়া যায়। অনুমোদিত প্রকল্প দুটি অদ্যাবধি বাস্তবায়ন করা হয় নাই। তিনি জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের অর্থায়নে অনুমোদিত প্রকল্প দুটি বাস্তবায়নের প্রস্তাব করেন। অনুমোদিত প্রকল্প দুটি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, একটি প্রকল্প দশ লক্ষ টাকা উপরে হওয়ায় সেটিকে ভেঙ্গে পাট-১ এবং পাঠ-২ করে বাস্তবায়ন করার প্রস্তাব করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপে প্রকল্পগুলো আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>
প্রকল্প-১: উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সীমানা প্রাচীর নির্মাণ, পাট-১। বরাদ্দের পরিমান=৭৮৮৫০০/- (সাত লক্ষ আটাশি হাজার পাঁচশত) টাকা<br>
প্রকল্প-২: উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সীমানা প্রাচীর নির্মাণ, পাট-২। বরাদ্দের পরিমান=৭৮৮৫০০/- (সাত লক্ষ আটাশি হাজার পাঁচশত) টাকা<br>
প্রকল্প-৩: উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের রাস্তা সিসি করণ (উঁচু করণ)। বরাদ্দের পরিমান=৭৪০০৯৩/- (সাত লক্ষ চল্লিশ হাজার তিরানব্বই) টাকা। তিনি আরও জানান যে, ঠাকুরগাঁও সদর উপজেলা একটি বড় উপজেলা। তাই উপজেলা পরিষদ বিভিন্ন ইউনিয়নে কিছু জনগুরুত্বপূর্ণ কাজ রয়েছে। বিশেষ করে কিছু ব্রীজ কালভার্ট করা প্রয়োজনয়। এডিপি হিসেবে সরকারিভাবে যা বরাদ্দ পাওয়া যায় তা চাহিদার তুলনায় অপ্রতুল। তাই তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে বিভিন্ন জনগুরুত্বপূর্ণ কাজগুলো বাস্তবায়ন করার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ ৩নং অনুচ্ছেদের উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ব্যয়ের ক্ষেত্রসমূহের ঘ নম্বর উপ-অনুচ্ছেদে অপ্রত্যাশিত খাতে ব্যয় হিসেবে কোন অত্যাবশ্যকীয় স্থাপনার জরুরী মেরামত ও পূনর্বাসন, ঘূর্ণিঝড়, বন্যা, প্রাকৃতিক দুর্যোগ, অগ্নিকান্ড ও বেওয়ারিশ লাশ দাফন ইত্যাদি ক্ষেত্রে তাৎক্ষনিক পরিস্থিতি মোকাবেলায় উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে বছরে সর্বোচ্চ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করা যাবে মর্মে রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকায় উল্লেখ রয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এ উল্লেখিত ব্যয় সীমার চেয়ে অতিরিক্ত অর্থ ব্যয় করতে হলে স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে প্রশাসনিক অনুমোদন গ্রহণ সাপেক্ষে অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে। অতএব উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ ৩নং অনুচ্ছেদে উল্লেখিত ৫০০০০০/- (পাঁচ লক্ষ) টাকা ব্যয় সীমা থেকে অতিরিক্ত ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমোদন চেয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পত্র প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁওকে অনুরোধ করা হয়।
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>০৪</td>
<td><u>উপজেলা কৃষি অফিস</u><br>
উপজেলা কৃষি অফিসার সভায় জানান, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান তাঁর দপ্তরের আওতায় প্রণোদনার কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। উপজেলায় সারের বর্তমানে অবস্থা স্থিতিশীলতা ও পর্যাপ্ত মজুদ রয়েছে। বর্তমানে মাঠে ধানসহ বিভিন্ন ফসল রয়েছে। এই ধানসহ বিভিন্ন ফসল সুষ্ঠুভাবে উদপাদনের জন্য কৃষি বিভাগ হতে নিয়মিত কৃষদের মাঝে বিভিন্ন পরামর্শ ও সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। তিনি আরও জানান যে, বর্তমান সময়ে ঝড় ও শীলা বৃষ্টি হওয়ার সম্ভাবনা থাকায় কৃষকদের সর্তক থাকার জন্য বিভিন্ন ধরণের পরামর্শ প্রদান করা হচ্ছে। তিনি আরও জানান ইট-ভাটার বিষাক্ত ধোয়ার কারণে বিভিন্ন কৃষি ফসলের ব্যাপক ক্ষতি হচ্ছে। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।</td>
<td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।</td>
<td>উপজেলা কৃষি অফিসার ও সংশ্লিষ্ট সকল।</td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td><u>প্রকল্প বাস্তবায়ন দপ্তর :</u><br>
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ঈদ উপলক্ষ্যে দুস্থ ও অসহায় ব্যক্তিদের জন্য ১০(দশ) কেজি ভিজিএফ প্রদান হবে। তিনি যথাসময়ে ভিজিএফ এর তালিকা প্রস্তুত করে উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরে দাখিল করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি আরও জানান যে, ত্রাণ ও দুর্যোগ মন্ত্রনালয় হতে টি'আর, কাবিখা, কাবিটা হতে যা বরাদ্দ পাওয়া তা চাহিদার তুলনায় অপ্রতুল। ফলে অত্র উপজেলায় জরুরী মেরামত ও পূনর্বাসন, ঘূর্ণিঝড়, বন্যা, প্রাকৃতিক দুর্যোগ, অগ্নিকান্ড ও বেওয়ারিশ লাশ দাফন ইত্যাদি ক্ষেত্রে তাৎক্ষনিক পরিস্থিতি মোকাবেলায় বিভিন্ন সমস্যার সম্মূখীন হতে হয়। তিনি জরুরী মেরামত ও পূনর্বাসন, ঘূর্ণিঝড়, বন্যা, প্রাকৃতিক দুর্যোগ,</td>
<td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।<br>
২। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ ৩নং অনুচ্ছেদের উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ব্যয়ের ক্ষেত্রসমূহের ঘ নম্বর উপ-অনুচ্ছেদে অপ্রত্যাশিত</td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | অগ্নিকান্ড ও বেওয়ারিশ লাশ দাফন ইত্যাদি ক্ষেত্রে তাৎক্ষনিক পরিস্থিতি মোকাবেলার জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত ব্যয় খাত হতে ব্যয় নির্বাহ করার জন্য প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ ৩নং অনুচ্ছেদের উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ব্যয়ের ক্ষেত্রসমূহের ঘ নম্বর উপ-অনুচ্ছেদে অপ্রত্যাশিত খাতে ব্যয় হিসেবে কোন অত্যাবশ্যকীয় স্থাপনার জরুরী মেরামত ও পুনর্বাসন, ঘূর্ণিঝড়, বন্যা, প্রাকৃতিক দুর্যোগ, অগ্নিকান্ড ও বেওয়ারিশ লাশ দাফন ইত্যাদি ক্ষেত্রে তাৎক্ষনিক পরিস্থিতি মোকাবেলায় উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে বছরে সর্বোচ্চ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করা যাবে মর্মে রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকায় উল্লেখ রয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এ উল্লেখিত ব্যয় সীমার চেয়ে অতিরিক্ত অর্থ ব্যয় করতে হলে স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে প্রশাসনিক অনুমোদন গ্রহণ সাপেক্ষে অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে। | খাতে অতিরিক্ত অর্থ ব্যয়ের জন্য প্রশাসনিক অনুমোদন চেয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা বরাবরে পত্র প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ০৬ | **শিক্ষা বিভাগ :**<br>উপজেলা শিক্ষা অফিসার জানান তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান প্রাথমিক বিদ্যালয়ের ১ম প্রান্তিক মূল্যায়ন আগামী ০৬/০৫/২০২৫ তারিখ হতে শুরু হবে। তিনি জানান জাতীয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগা- জেলা পর্যায়ের বিভিন্ন ক্যাটাগরিতে অত্র উপজেলার মোট ১১ জন বালক-বালিকা ১ম স্থান অধিকার করেছে, এজন্য তিনি প্রথম স্থান অধিকারকারী বালক-বালিকাদের ধন্যবাদ জানান। তিনি জানান অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নে ইউনিয়ন পর্যায়ের সাবলীল পাঠক ও সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা-২০২৫ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। এজন্য এই প্রতিযোগিতার সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি আরও জানান প্রতিটি সাব-ক্লাস্টারের প্রশিক্ষণ চলমান রয়েছে। তিনি আরও জানান অত্র উপজেলায় সহকারী উপজেলা শিক্ষা অফিসারের মঞ্জুরীকৃত পদ ১৩টি, বর্তমানে কর্মরত আছেন ০৫ জন। এরমধ্যে ০২(দুই) জন সহকারি উপজেলা শিক্ষা অফিসারের অন্যত্র পদলির আদেশ করা হয়েছে। তিনি জরুরী ভিত্তিতে অত্র উপজেলায় মঞ্জুরীকৃত পদ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে অনুরোধ জানান। তিনি আরও জানান অত্র উপজেলার দেবীপুর ইউনিয়নে অবস্থিত ১৪৩নং খলিশাকুড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়টির ভবন নির্মাণের কাজ দীর্ঘদিন যাবৎ বন্ধ রয়েছে। ফলে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের লেখা-পড়ার ব্যাহত হচ্ছে। ইতোমধ্যে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিদ্যালয়ের ভবন নির্মাণের কাজ জরুরীভিত্তিতে সম্পন্ন করার জন্য উপজেলা শিক্ষা অফিসে আবেদন করেছেন। তিনি জরুরী ভিত্তিতে ভবন নির্মাণের কাজ সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা ... অফিসার, ও ... সকল। |
| ০৭ | **পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা প... পরিকল্পনা অফি... |
| ০৮ | **মৎস্য বিভাগ :**<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান ঠাকুরগাঁও সদর উপজেলার বুড়ির বাঁধের উত্তর পার্শ্বে কালাপানির মৎস্য অভয়াশ্রম ছিল। এটি ২০১৬-১৭ অর্থ বছরের রংপুর বিভাগের মৎস্য উন্নয়ন প্রকল্পের আওতায় অভয়াশ্রমটি পুনঃখনন করা হয়েছিল। এই অভয়াশ্রমটি শ্মশান ঘাট সংলগ্ন। অভয়াশ্রমটি বর্তমানে কার্যকর না থাকায় এটি বিলুপ্ত করা প্রয়োজন। তিনি জানান ৩নং আকচা ইউনিয়নের ফাড়াবাড়ী মৎস্য অভয়াশ্রম রয়েছে। টাঙ্গন নদী পানি উন্নয়ন বোর্ডের আওতায় খননের ফলে বালি পড়ে ভরাট হওয়ায় বর্তমানে অনুপযুক্ত থাকায় অভয়াশ্রমটি বিলুপ্ত করা প্রয়োজন। তিনি আরও জানান লেউটি হাড়ি আশ্রয়ণ পুকুরে জলাশয় সংস্কার প্রকল্পের আওতায় পুনঃখনন করা হয়েছিল। সেটিতে এবার নারী ক্ষমতায়নে নারীদের অন্তর্ভূক্ত করে মাছচাষের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। তিনি আরও জানান ঠাকুরগাঁও সদর উপজেলায় বিদ্যমান ০৬টি লাইসেন্সপ্রাপ্ত হ্যাচারিতে রেনু উৎপাদন কার্যক্রম শুরু হয়েছে। মৎস্য হ্যাচারি আইন,২০১০ এবং মৎস্য হ্যাচারি, ২০১১ বিধিমালা অনুযায়ী হ্যাচারিগুলো পরিচালিত হচ্ছে কি না সেজন্য অভিযান/মোবাইল কোর্ট পরিচালনা করা প্রয়োজন। বিগত ১৩/০৪/২০২৫ খ্রি. তারিখে বুড়ির বাঁধে যেন মাছ পর্যাপ্ত পাওয়া যায়, সেজন্য মৎস্যচাষী, মৎস্যজীবি অভয়াশ্রম ও বিল নার্সারীর সুফলভোগীদের সাথে উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর, পানি উন্নয়ন বোর্ড, ঠাকুরগাঁও সদরের উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা ও সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ঠাকুরগাঁও সদরের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আশা করা যাচ্ছে যে, এই মতবিনিময় সভার মাধ্যমে বুড়ির বাঁধে কারেন্টজাল, রিং জাল, অবৈধ উপায়ে মাছ ধরা বন্ধ হবে। তিনি আরও জানান যে, অত্র উপজেলায় মাছের চাহিদা পূরণের লক্ষ্যে মৎস্য দপ্তরের আওতায় পোনা মাছ চাষ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এজন্য একটি সরকারীর প্রয়োজন। যে পুকুরটি আকারে বড় ও সারা বছরের পর্যাপ্ত পরিমান পানি থাকে, নিরাপত্তার ব্যবস্থা থাকে এবং পোনা মাছ চাষ করতে কোন সমস্যা না হয় এমন একটি সরকারি পুকুর নির্ধারণ করার প্রস্তাব করেন। সেই সাথে পোনা মাছ উৎপাদনের লক্ষ্যে একটি তদারকি কমিটির করারও প্রস্তাব করেন। উক্ত প্রস্তাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যান, প্যানেল চেয়ারম্যান, কর্মকর্তাবৃন্দ সরকারি পুকুর হিসেবে কুমিল্লাহাড়ী পুকুরটিতে পোনা চাষের জন্য নির্বাচন করার জন্য মতামত ব্যক্ত করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কুমিল্লাহাড়ী পুকুরটি পোনা চাষের জন্য নির্বাচন করা হয় এবং নিম্নরূপ তদারকি কমিটি গঠন করা হলো।<br>১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও আহ্বায়ক | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।<br>২। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কুমিল্লাহাড়ী পুকুরটি পোনা চাষের জন্য নির্বাচন করা হয় এবং প্রস্তাবিত তদারকি কমিটি গঠনের সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা ... কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | ২। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও সদস্য<br>৩। উপজেলা কৃষি অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও সদস্য<br>৪। উপজেলা প্রকৌশলী, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও সদস্য<br>৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও সদস্য<br>গঠিত কমিটি নির্বাচিত সরকারি পুকুরটি সরেজমিনে পরিদর্শন করে পোনা চাষে উপযোগী হিসেবে গড়ে তোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে করবেন এবং ঠাকুরগাঁও সদর উপজেলার মাছের চাহিদা পূরণের জন্য অগ্রণী ভূমিকা পালন করবেন। | | |
| ০৯ | প্রাণী সম্পদ বিভাগ:<br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা/ উপজেলা নির্বাহী অফিসার। |
| ১০ | সমাজসেবা বিভাগ :<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সমাজসেবা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান বয়স্ক, বিধবাভাতা এবং প্রতিবন্ধিভাতার প্রতিস্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১১ | খাদ্য বিভাগ :<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তার দপ্তরে কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সকল ইউপি চেয়ারম্যান। |
| ১২ | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা দপ্তর :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৩ | পরিসংখ্যান অফিস :<br>উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ১৪ | সমবায় অফিস :<br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান তাঁর দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ১৫ | মহিলা বিষয়ক দপ্তর:<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৬ | যুব উন্নয়ন অফিসার<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের কাজক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৭ | নির্বাচন বিভাগ:<br>উপজেলা নির্বাচন অফিসার সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থেকে দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাচন অফিসার |
| ১৮ | বন বিভাগ<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান অত্র উপজেলার-বিভিন্ন ইউনিয়ন পরিষদে বিভিন্নভাবে জব্দকৃত গাছপালা বিক্রয়ের জন্য যথাযথভাবে মার্কিং করে তালিকা প্রস্তুত করনের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। চলতি বর্ষা মৌষুমে বন বিভাগীয় নাসারী কেন্দ্রে বিলুপ্ত দেশী প্রজাতির অনেক চারা উত্তোলন করা হচ্ছে, যা বিভাগীয় রাজস্ব মূল্যে বিক্রয় করা হবে। সামাজিক বনায়নের আওতায় উপকারভোগীগণ কর্তৃক সৃজিত বাগান সমূহ বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, দিনাজপুর মহোদয়ের দপ্তর কর্তৃক বিক্রয়কৃত বিভিন্ন রাস্তার লট কর্তন কার্যাদেশ প্রাপ্তি সাপেক্ষে কর্তন ও অপসারণ অব্যাহত আছে। তিনি আরও জানান অত্র উপজেলায় লাইসেন্স বিহীন করাতকল উচ্ছেদ করা প্রয়োজন। ইতোমধ্যে লাইসেন্স বিহীন করাতকলগুলো লাইসেন্স গ্রহণের জন্য অত্র দপ্তর হতে পত্র প্রদান করা হয়েছে। তিনি লাইসেন্স বিহীন করাতকলগুলোতে নিয়মিত ভ্রাম্যমান আদালত পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | দাপ্তরিক কর্মকান্ডের প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা বন বিভাগ |
| ১৯ | জনস্বাস্থ্য বিভাগ<br>উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ২০ | আনসার ভিডিপি অফিস<br>উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার-ভিডিপি অফিসার |
| ২১ | পল্লী উন্নয়ন বিভাগ :<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান উক্ত দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ২২ | বিএমডিএ<br>সহকারী প্রকৌশলী, বিএমডিএ সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | সহকারী প্র<br>বিএমডিএ |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(ইউজিডিপি) প্রকল্পের প্রতিনিধি মোঃ আকতারুজ্জামান, ইউডিএফ সভায় জানান, জাইকা প্রকল্পের অর্থায়নে ২০২১-২০২২ অর্থ বছরে রুহিয়া উপ-স্বাস্থ্য কেন্দ্রে ১টি গ্রামীন এ্যাম্বুলেন্স সরবরাহ করা হয়েছে। তিনি এ্যাম্বুলেন্সটি সচল এবং উপজেলার বিভিন্ন রুগীর চিকিৎসা সেবার সুবিধার্থে একটি নির্ধারিত স্থান অবস্থানের জন্য সভায় প্রস্তাব করেন। উক্ত প্রস্তাব নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় চেয়ারম্যান ০৫নং বালিয়া ইউপি জানান যে, উপজেলা পরিষদে অভ্যন্তরে রাখার প্রস্তাব করেন এবং এ্যাম্বুলেন্স গাড়ীর চালকের মোবাইল নম্বর সকল ইউনিয়ন পরিষদের এবং জনগুরুত্বপূর্ণ স্থানে টাঙ্গিয়ে দেয়ার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে বিস্তারিত আলোচনা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে এ্যাম্বুলেন্সটি রুহিয়া ইউনিয়ন পরিষদ হতে উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ্যাম্বুলেন্সটির চালকের বেতন, রক্ষণাবেক্ষণের জন্য নিম্নরূপ মনিটরিং কমিটি গঠনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১। চেয়ারম্যান, ০৫নং বালিয়া ইউপি, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও- আহ্বায়ক<br>২। চেয়ারম্যান, ০১নং রুহিয়া ইউপি, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও–সদস্য<br>৩। প্যানেল চেয়ারম্যান, চিলারং ইউপি, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও– সদস্য<br>৪। প্যানেল চেয়ারম্যান, বেগুনবাড়ী ইউপি, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও- সদস্য<br>৫। প্যানেল চেয়ারম্যান, নারগুন ইউপি, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও– সদস্য<br>৬। উপজেলা সমাজসেবা অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও – সদস্য<br>৭। উপজেলা সহকারী প্রোগ্রাম, তথ্য প্রযুক্তি ও যোগাযোগ অধিদপ্তর, সদস্য<br>৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সদস্য<br>৯। উপজেলা প্রকৌশলী, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও এর প্রতিনিধি সদস্য<br>১০। উপজেলা পরিচালন ও উন্নয়ন( ইউজিডিপি) প্রকল্পের প্রতিনিধি– সদস্য সচিব | সভায় বিস্তারিত আলোচনান্তে এ্যাম্বুলেন্সটি রুহিয়া ইউনিয়ন পরিষদ হতে উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ্যাম্বুলেন্সটির চালকের বেতন, রক্ষণাবেক্ষণের জন্য প্রস্তাবিত মনিটরিং কমিটি গঠনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী কর্মকর্তা |
| ২৪ | বিবিধঃ<br>ক) চেয়ারম্যান, ০৫নং বালিয়া ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নে ০৩নং ওয়ার্ডের বড়বালিয়া গ্রামটির মাঝ দিয়ে ভুল্লী নদী বয়ে গেছে। উক্ত গ্রামে প্রায় নয় থেকে দশ হাজার মানুষের বসবাস রয়েছে। উল্লেখিত বসতি থেকে শুকনা মৌসুমে পায়ে হেঁটে নদীর উত্তর থেকে দক্ষিণে যেতে প্রায় ৫-৭ মিনিট সময় লাগে কিন্তু বর্ষা মৌসুমে (জুন-অক্টোবর মাসে) প্রায় ৪.০০ কিলোমিটার রাস্তা ঘুরে বিভিন্ন জিনিসপত্র ক্রয় বিক্রয়ের জন্য ভুল্লী বাজারে আসতে হয় এবং নদীর দক্ষিণে প্রাথমিক বিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে কোমলমতি শিশুদের প্রায় ৪.০০ কিলোমিটার পথ পাড়ি দিয়ে লেখাপড়ার জন্য বিদ্যালয়ে আসতে হয়। জনগণের চলাচলের সুবিধার্থে এবং কোমলমতি শিক্ষার্থীদের শিক্ষিত করে গড়ে তোলার লক্ষ্যে উপজেলা পরিষদের অর্থায়ণে দুই লক্ষ টাকা দ্বারা বড়বালিয়া গ্রামের ভুল্লী নদীতে পাড়াপাড়ের জন্য নদীর উপর কাঠের ফুট ব্রীজ নির্মাণের প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, প্রস্তাবটি অত্যান্ত জনগুরুত্বপূর্ণ প্রস্তাব। তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে করা যাবে কিন্তু অপ্রত্যাশিত খাত পাঁচ লক্ষ টাকা ব্যয়ের সীমাবদ্ধ রয়েছে। ইতোমধ্যে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রশাসনিক অনুমোদনের জন্য পত্র প্রদান করা হয়েছে। উক্ত প্রস্তাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির পর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাতে ২.০০ (দুই লক্ষ) দ্বারা প্রস্তাবিত প্রকল্পটি বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। প্রকল্প বাস্তবায়ন কমিটি নিম্নরূপঃ<br>ক) জনাব মোঃ জুলফিকার আলী ভূট্টো, চেয়ারম্যান, বালিয়া ইউপি, প্রকল্প সভাপতি<br>খ) জনাব কালা চান শেখ, ইউপি সদস্য, ০৩নং ওয়ার্ড বালিয়া ইউপি, প্রকল্প সেক্রেটারী<br>গ) জনাব মোঃ আইয়ুব আলী, ইউপি সদস্য, ০১নং ওয়ার্ড বালিয়া ইউপি, প্রকল্প সদস্য<br>ঘ) জনাব মোঃ এনামুল হক, ইউপি সদস্য, ০২নং ওয়ার্ড বালিয়া ইউপি, প্রকল্প সদস্য<br>ঙ) জনাব মোছাঃ রিক্তা বেগম, ইউপি সদস্য, ১,২,৩নং ওয়ার্ড বালিয়া ইউপি, প্রকল্প সদস্য<br>খ) প্যানেল চেয়ারম্যান, ০৬নং আউলিয়াপুর ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নের গ্রামপুলিশের পদ শুন্য রয়েছে। ফলে উক্ত ওয়ার্ডের আইনশৃঙ্খলাসহ ইউনিয়নের সরকারি বিভিন্ন কাজে ব্যহত হচ্ছে। তিনি জরুরী ভিত্তিতে তার ইউনিয়নের গ্রামপুলিশের শূন্যপদ পূরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>গ) প্যানেল চেয়ারম্যান, ০৭নং চিলারং ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নের ০৮নং ওয়ার্ডের গ্রামুলিশ(মহল্লাদার) জনাব সলিম উদ্দীন সরকারি নিয়ম অনুযায়ী ৫৯ বছর পূর্তি হওয়ায় প্রায় ছয় মাস আগে অবসর গ্রহণ করেছেন। উক্ত ওয়ার্ডের গ্রামপুলিশের মহল্লাদার পদটি শুন্য থাকার কারণে ওয়ার্ডের আইনশৃঙ্খলাসহ সরকারি বিভিন্ন কাজে ব্যহত হচ্ছে। তিনি জরুরী ভিত্তিতে তার ইউনিয়নের গ্রামপুলিশের শূন্যপদ পূরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির পর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাতে ২.০০ (দুই লক্ষ) দ্বারা প্রস্তাবিত প্রকল্পটি উল্লেখিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বা<br>অফিসার। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ঠাকুরগাঁও | ২০২৪ এর বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণের জন্য আর্থিক অনুদান প্রদান। | | | |
| ১৫ | সভাপতি, নিশ্চিন্তপুর বায়তুল ইসলাহ জামে মসজিদ, নিশ্চিন্তপুর, ঠাকুরগাঁও। | মসজিদের নিরাপত্তার স্বার্থে বারান্দায় গ্রিল সংযোজনের লক্ষ্যে আর্থিক অনুদান প্রদান। | ৬৪৭৪৪৪৮ | ১৬/০৩/২০২৫ | ১০০... |
| ১৬ | সাধারণ সম্পাদক, বলাকা উদ্যান জামে মসজিদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | বলাকা উদ্যানের সেড সংস্কারের জন্য অনুদান প্রদান। | ৬৪৭৪৪৪৯ | ১৮/০৩/২০২৫ | ৭৮০০... |
| ১৭ | জনাব মোঃ আনারুল ইসলাম, ইউপি সদস্য, ও প্রকল্প চেয়ারম্যান, ০৮নং রহিমানপুর ইউপি ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | রহিমানপুর ইউনিয়নের বিভিন্ন খেলোয়ারদের মাঝে ক্রীড়া সামগ্রী বিতরণ প্রকল্পের চুড়ান্ত বিল প্রদান। | ৬৪৭৪৪৫০ | ১৮/০৩/২০২৫ | ১৭১০০০.০০ |
| ১৮ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫০১১ | ১৮/০৩/২০২৫ | ১৫০০০.০০ |
| ১৯ | আয়কর কোড ১/১১৪১/০০৬৫/০১১১ | পূর্ববর্তী বিলের আয়কর বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫০১২ | ১৮/০৩/২০২৫ | ১৪০০০.০০ |
| ২০ | জনাব পুলক চন্দ্র সেন, ইউপি সদস্য, ও প্রকল্প চেয়ারম্যান, ১২নং সালন্দর ইউপি, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | সালন্দর ইউনিয়নের বিভিন্ন খেলোয়ারদের মাঝে ক্রীড়া সামগ্রী বিতরণ প্রকল্পের চুড়ান্ত বিল | ৯১৭৫০১৩ | ১৮/০৩/২০২৫ | ১৭১০০০.০ |
| ২১ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫০১৪ | ১৮/০৩/২০২৫ | ১৫০০০.০ |
| ২২ | আয়কর কোড ১/১১৪১/০০৬৫/০১১১ | পূর্ববর্তী বিলের আয়কর বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫০১৫ | ১৮/০৩/২০২৫ | ১৪০০০.০ |
| ২৩ | গ্রামপুলিশের বেতন ভাতা সংক্রান্ত তহবিল চলতি হিসাব নম্বর ০১০০২৬০৯৫৩১৯৭, জনতা ব্যাংক, ঠাকুরগাঁও শাখায় | ২২টি ইউনিয়ন পরিষদে কর্মরত গ্রামপুলিশগণের মার্চ/২০২৫মাসের বেতন-ভাতা প্রদানের জন্য স্থানান্তর করণ। | ৯১৭৫০১৬ | ২৩/০৩/২০২৫ | ১৭৯০৬৫০.০ |
| ২৪ | সভাপতি, ঠাকুরগাঁও মুক্ত স্কাউট, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | ঠাকুরগাঁও মুক্ত স্কাউট সংগঠনের জন্য আসবাবপত্র ক্রয়ের লক্ষ্যে অনুদান প্রদান। | ৯১৭৫০১৭ | ২৪/০৩/২০২৫ | ১০০০০.০ |
| ২৫ | সভাপতি, ওয়ান ফর এনাদার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। সংগঠনের জন্য আর্থিক অনুদানের | ওয়ান ফর এনাদার সংগঠনের জন্য আর্থিক অনুদান প্রদান। | ৯১৭৫০১৮ | ২৪/০৩/২০২৫ | ১০০০০.০ |
| ২৬ | সভাপতি, আলোকিত যুব ফোরাম, ঠাকুরগাঁও | আলোকিত যুব ফোরাম সংগঠনের জন্য আর্থিক অনুদান প্রদান। | ৯১৭৫০১৯ | ২৪/০৩/২০২৫ | ১০০০০.০ |
| ২৭ | সভাপতি, ঠাকুরগাঁও জার্নালিস্ট ক্লাব, ঠাকুরগাঁও। | আর্থিক অনুদান প্রদান। | ৯১৭৫০২০ | ২৪/০৩/২০২৫ | ১০০০০.০ |
| ২৮ | সাধারণ সম্পাদক, সহায়ক সংগঠন, বড় খোচাবাড়ি, ১৭নং জগন্নাথপুর, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | সহায় সংগঠনের উদ্যোগে "০৫(পাঁচ) টাকার ঈদ বাজার" নামে একটি প্রোগ্রাম আয়োজনের আর্থিক অনুদান প্রদান। | ৯১৭৫০২১ | ২৪/০৩/২০২৫ | ১০০০০.০ |
| ২৯ | জনাব মোঃ সোহেল তানভীর, পিতা-মোঃ আফাজ উদ্দীন, গ্রাম-ময়দান বাজার, ০৯নং রায়পুর ইউপি, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | ঘর পুন:নির্মাণের জন্য আর্থিক সাহায্যে প্রদান। | ৯১৭৫০২২ | ২৪/০৩/২০২৫ | ১০০০০.০ |
| ৩০ | জনাব মোঃ আনোয়ার হোসেন, পিতা-পসার উদ্দীন, গ্রাম-মধুপুর(পূর্ব), রুহিয়া, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | ঘর নির্মাণের জন্য আর্থিক সাহায্যে প্রদান। | ৯১৭৫০২৩ | ২৪/০৩/২০২৫ | ১০০০০.০ |
| ৩১ | জনাব মোঃ ফাহিম হোসেন, অফিস সহায়ক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | উপজেলায় ০৪টি ওকিও টকিও সেট ক্রয়ের বিল প্রদান। | ৯১৭৫০২৪ | ২৪/০৩/২০২৫ | ৯১৮০.০০ |
| ৩২ | ভ্যাট.কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫০২৫ | ২৪/০৩/২০২৫ | ১০২০.০০ |
| ৩৩ | জনাব মোঃ সুজন আলী, স্যানিটারী মিস্ত্রি (পানির লাইন মিস্ত্রি) ইয়াকুবপুর স্কুল হাট, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | উপজেলা নির্বাহী অফিসারের অফিসকক্ষের টয়লেটের মেরামতের কাজ করে মজুরীসহ বিল প্রদান। | ৯১৭৫০২৬ | ২৪/০৩/২০২৫ | ৪৯১২.০০ |
| ৩৪ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫০২৭ | ২৪/০৩/২০২৫ | ২৬৮.০০ |
| ৩৫ | জনাব মোঃ আকাশ, আইটি ফ্যাশন, ঠাকুরগাঁও। | উপজেলা পরিষদ ক্যাম্পাসে সিসি ক্যামেরা মালামাল ক্রয় ও মজুরীর বিল প্রদান। | ৯১৭৫০২৮ | ২৪/০৩/২০২৫ | ১১০২০.০০ |
| ৩৬ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫০২৯ | ২৪/০৩/২০২৫ | ১১০২.০০ |
| ৩৭ | জনাব মোঃ আকাশ, আইটি ফ্যাশন, ঠাকুরগাঁও। | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সিসি ক্যামেরা মালামাল ক্রয় ও মজুরীর বিল প্রদান। | ৯১৭৫০৩০ | ২৪/০৩/২০২৫ | ১২৬০০.০০ |
| ৩৮ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫০৩১ | ২৪/০৩/২০২৫ | ১২৬০.০০ |
| ৩৯ | সাধারণ সম্পাদক, জাতীয় সাংবাদিক সংস্থা, আর্ট গ্যালারী, ঠাকুরগাঁও | সংগঠনের জন্য আর্থিক অনুদান প্রদান। | ৯১৭৫০৩৩ | ২৪/০৩/২০২৫ | ৫০০০.০০ |
| ৪০ | সম্পাদক, নিউজ নেট ২৪ বিডি ডট কম, ঠাকুরগাঁও। | আর্থিক সহায়তা প্রদান। | ৯১৭৫০৩৪ | ২৪/০৩/২০২৫ | ১০০০০.০০ |
| ৪১ | জনাব মোঃ শাজাহান আলী, ম্যানেজার, স্বরলিপি, চৌরাস্তা, ঠাকুরগাঁও | উপজেলা পর্যায়ে তারুণ্যের উৎসব-২০২৫ অনুষ্ঠানে বিভিন্ন ব্যানার ও ফেস্টুন তৈরী করে সরবরাহের বিল প্রদান। | ৯১৭৫০৩৫ | ২৪/০৩/২০২৫ | ২২৫০০.০০ |
| ৪২ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫০৩৬ | ২৪/০৩/২০২৫ | ২৫০০.০০ |
| ৪৩ | জনাব গোলাম সারওয়ার সম্রাট, সম্পাদক, আজকালের খবর, ঠাকুরগাঁও। | আজকালের খবর পত্রিকায় সৌজন্য বিজ্ঞাপন প্রকাশণার বিল প্রদান। | ৯১৭৫০৩৭ | ২৪/০৩/২০২৫ | ৩০০০.০০ |
| ৪৪ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫০৩৮ | ২৪/০৩/২০২৫ | ৪৫০.০০ |
| ৪৫ | জনাব লুৎফর রহমান মিঠু, সাধারণ সম্পাদক, উত্তরাঞ্চল ফেডারেল সাংবাদিক পরিষদ (উফেসাপ), ঠাকুরগাঁও | আর্থিক সহায়তা প্রদান। | ৯১৭৫০৩৯ | ২৪/০৩/২০২৫ | ২০০০০.০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪৬ | জনাব মোঃ রাজু আহমেদ, টেকনিশিয়ান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | অস্থায়ী কর্মচারীর মার্চ/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯১৭৫০৪০ | ২৫/০৩/২০২৫ | ১৫০০০.০০ |
| ৪৭ | জনাব মোঃ রবিউল ইসলাম, মালী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | অস্থায়ী কর্মচারীর মার্চ/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯১৭৫০৪১ | ২৫/০৩/২০২৫ | ১৪০০০.০০ |
| ৪৮ | জনাব মোঃ নজরুল ইসলাম, অস্থায়ী নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর মার্চ/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯১৭৫০৪২ | ২৫/০৩/২০২৫ | ১৪০০০.০০ |
| ৪৯ | জনাব মোঃ জাপান, অস্থায়ী নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর মার্চ/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯১৭৫০৪৩ | ২৫/০৩/২০২৫ | ১৪০০০.০০ |
| ৫০ | জনাব মোঃ আলিউল ইসলাম, অস্থায়ী নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর। | অস্থায়ী কর্মচারীর মার্চ/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯১৭৫০৪৪ | ২৫/০৩/২০২৫ | ১৪০০০.০০ |
| ৫১ | জনাব মোঃ ইসমাইল হোসেন, কেয়ারটেকার, বলাকা উদ্যান, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর মার্চ/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯১৭৫০৪৫ | ২৫/০৩/২০২৫ | ১৪০০০.০০ |
| ৫২ | জনাব মোঃ আলমগীর হোসেন, অস্থায়ী নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর। | অস্থায়ী কর্মচারীর মার্চ/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯১৭৫০৪৬ | ২৫/০৩/২০২৫ | ৯০০০.০০ |
| ৫৩ | জনাব রঞ্জন চন্দ্র দাস, হলরুম কেয়ারটেকার, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর মার্চ/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯১৭৫০৪৭ | ২৫/০৩/২০২৫ | ৯০০০.০০ |
| ৫৪ | জনাব মোঃ রুবেল ইসলাম, জীপগাড়ী ক্লিনার, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর মার্চ/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯১৭৫০৪৮ | ২৫/০৩/২০২৫ | ৯০০০.০০ |
| ৫৫ | জনাব রতন কুমার সাহা, হলরুম কেয়ারটেকার, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর | অস্থায়ী কর্মচারীর মার্চ/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯১৭৫০৪৯ | ২৫/০৩/২০২৫ | ৯০০০.০০ |
| ৫৬ | জনাব বিপুল চন্দ্র দাস, পরিচ্ছন্নকর্মী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর মার্চ/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯১৭৫০৫০ | ২৫/০৩/২০২৫ | ১৪০০০.০০ |
| ৫৭ | জনাব রুমা রাণী, পরিচ্ছন্নকর্মী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর মার্চ/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯১৭৫০৫১ | ২৫/০৩/২০২৫ | ৯০০০.০০ |
| ৫৮ | জনাব মোঃ পারভেজ হাসান, পরিচ্ছন্নকর্মী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | অস্থায়ী কর্মচারীর মার্চ/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৯১৭৫০৫২ | ২৫/০৩/২০২৫ | ৯০০০.০০ |
| ৫৯ | জনাব মোঃ রাজু আহমেদ, ম্যানেজার, গোওসিয়া হোটেল এন্ড রেস্টুরেন্ট, চৌরাস্তা, ঠাকুরগাঁও | ফেব্রুয়ারি/২০২৫ মাসে উপজেলা পরিষদের বিভিন্ন সভায় আপ্যায়নের বিল প্রদান। | ৯১৭৫০৫৩ | ২৭/০৩/২০২৫ | ২৭০০০.০০ |
| ৬০ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫০৫৪ | ২৭/০৩/২০২৫ | ৩০০০.০০ |
| ৬১ | জনাব মোঃ শফিকুল ইসলাম, ম্যানেজার, কালাম'স কিচেন সুইটস এন্ড রেস্টুরেন্ট, শহীদ মোহাম্মদ আলী সড়ক, চৌরাস্তা, ঠাকুরগাঁও | মার্চ/২০২৫ মাসে পবিত্র মাহে রমজান মাস উপলক্ষ্যে ১৪০ প্যাকেট ইফতারি সরবরাহ | ৯১৭৫০৫৫ | ২৭/০৩/২০২৫ | ২৭০০০.০০ |
| ৬২ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫০৫৬ | ২৭/০৩/২০২৫ | ৩০০০.০০ |
| ৬৩ | জনাব এ কে এম মাহমুদুল হক, প্রোঃ ইসলাম ইলেকট্রিক, কালীবাড়ী ঠাকুরগাঁও | উপজেলা পরিষদের বৈদ্যুতিক কাজের জন্য ৪ কয়েল ২.৫ নম্বর তার সরবরাহের বিল প্রদান। | ৯১৭৫০৫৭ | ২৭/০৩/২০২৫ | ২২৫০০.০০ |
| ৬৪ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫০৫৮ | ২৭/০৩/২০২৫ | ২৫০০.০০ |
| ৬৫ | জনাব এ কে এম মাহমুদুল হক, প্রোঃ ইসলাম ইলেকট্রিক, কালীবাড়ী ঠাকুরগাঁও | উপজেলা পরিষদের বৈদ্যুতিক কাজের জন্য ৪ কয়েল ২.৫ নম্বর তার সরবরাহের বিল প্রদান। | ৯১৭৫০৫৯ | ২৭/০৩/২০২৫ | ২২৫০০.০০ |
| ৬৬ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫০৬০ | ২৭/০৩/২০২৫ | ২৫০০.০০ |
| ৬৭ | জনাব এ কে এম মাহমুদুল হক, প্রোঃ ইসলাম ইলেকট্রিক, কালীবাড়ী ঠাকুরগাঁও | উপজেলা পরিষদের বৈদ্যুতিক কাজের জন্য বিভিন্ন বৈদ্যুতিক বাল্ব সরবরাহের বিল প্রদান | ৯১৭৫০৬১ | ২৭/০৩/২০২৫ | ২২৫০০.০০ |
| ৬৮ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫০৬২ | ২৭/০৩/২০২৫ | ২৫০০.০০ |
| ৬৯ | জনাব এ কে এম মাহমুদুল হক, প্রোঃ ইসলাম ইলেকট্রিক, কালীবাড়ী ঠাকুরগাঁও | উপজেলা পরিষদের বৈদ্যুতিক কাজের জন্য বিভিন্ন বৈদ্যুতিক যন্ত্রাংশ সরবরাহ এবং মিস্ত্রি মজুরীর বিল প্রদান। | ৯১৭৫০৬৩ | ২৭/০৩/২০২৫ | ২২৫০০.০০ |
| ৭০ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫০৬৪ | ২৭/০৩/২০২৫ | ২৫০০.০০ |
| ৭১ | জনাব মোঃ ফাহিম হোসেন, অফিস সহায়ক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | ২৬শে মার্চ/২০২৫ মহান জাতীয়তা ও স্বাধীনতা দিবসের বড় ফুলের ডালা তৈরীর বিল প্রদান। | ৯১৭৫০৬৫ | ২৭/০৩/২০২৫ | ৩৬০০.০০ |
| ৭২ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫০৬৬ | ২৭/০৩/২০২৫ | ৩৬০.০০ |
| ৭৩ | জনাব মোঃ রাজু আহমেদ, টেকনিশিয়ান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | বাংলা ১৪৩২ সনের নববর্ষ ভাতা প্রদান | ৯১৭৫০৬৭ | ১০/০৪/২০২৫ | ২০০০.০০ |
| ৭৪ | জনাব মোঃ রবিউল ইসলাম, মালী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | বাংলা ১৪৩২ সনের নববর্ষ ভাতা প্রদান | ৯১৭৫০৬৮ | ১০/০৪/২০২৫ | ২০০০.০০ |
| ৭৫ | জনাব মোঃ নজরুল ইসলাম, অস্থায়ী নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | বাংলা ১৪৩২ সনের নববর্ষ ভাতা প্রদান | ৯১৭৫০৬৯ | ১০/০৪/২০২৫ | ২০০০.০০ |
| ৭৬ | জনাব মোঃ জাপান, অস্থায়ী নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | বাংলা ১৪৩২ সনের নববর্ষ ভাতা প্রদান | ৯১৭৫০৭০ | ১০/০৪/২০২৫ | ২০০০.০০ |
| ৭৭ | জনাব মোঃ আলিউল ইসলাম, অস্থায়ী নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর। | বাংলা ১৪৩২ সনের নববর্ষ ভাতা প্রদান | ৯১৭৫০৭১ | ১০/০৪/২০২৫ | ২০০০.০০ |
| ৭৮ | জনাব মোঃ ইসমাইল হোসেন, কেয়ারটেকার, বলাকা উদ্যান, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | বাংলা ১৪৩২ সনের নববর্ষ ভাতা প্রদান | ৯১৭৫০৭২ | ১০/০৪/২০২৫ | ২০০০.০০ |
| ৭৯ | জনাব মোঃ আলমগীর হোসেন, অস্থায়ী নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর। | বাংলা ১৪৩২ সনের নববর্ষ ভাতা প্রদান | ৯১৭৫০৭৩ | ১০/০৪/২০২৫ | ২০০০.০০ |
| ৮০ | জনাব রঞ্জন চন্দ্র দাস, হলরুম কেয়ারটেকার, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | বাংলা ১৪৩২ সনের নববর্ষ ভাতা প্রদান | ৯১৭৫০৭৪ | ১০/০৪/২০২৫ | ২০০০.০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৮১ | জনাব মোঃ রুবেল ইসলাম, জীপগাড়ী ক্লিনার, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | বাংলা ১৪৩২ সনের নববর্ষ ভাতা প্রদান | ৯১৭৫০৭৫ | ১০/০৪/২০২৫ | [illegible] |
| ৮২ | জনাব রতন কুমার সাহা, হলরুম কেয়ারটেকার, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর | বাংলা ১৪৩২ সনের নববর্ষ ভাতা প্রদান | ৯১৭৫০৭৬ | ১০/০৪/২০২৫ | [illegible] |
| ৮৩ | জনাব বিপুল চন্দ্র দাস, পরিচ্ছন্নকর্মী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | বাংলা ১৪৩২ সনের নববর্ষ ভাতা প্রদান | ৯১৭৫০৭৭ | ১০/০৪/২০২৫ | [illegible] |
| ৮৪ | জনাব রুমা রাণী, পরিচ্ছন্নকর্মী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | বাংলা ১৪৩২ সনের নববর্ষ ভাতা প্রদান | ৯১৭৫০৭৮ | ১০/০৪/২০২৫ | [illegible] |
| ৮৫ | জনাব মোঃ পারভেজ হাসান, পরিচ্ছন্নকর্মী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | বাংলা ১৪৩২ সনের নববর্ষ ভাতা প্রদান | ৯১৭৫০৭৯ | ১০/০৪/২০২৫ | ২০০০.০০ |
| ৮৬ | জনাব মোঃ হারুন অর রশিদ, দোকানদার উপজেলা পরিষদ জামে মসজিদ মার্কেট, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | মার্চ/২০২৫ মাসে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে কর্মরত আনসার সদস্যদের জন্য ০২টি গ্যাসের সিলিন্ডার সরবরাহের বিল প্রদান। | ৯১৭৫০৮০ | ১০/০৪/২০২৫ | ৪৫৯০.০০ |
| ৮৭ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫০৮১ | ১০/০৪/২০২৫ | ৫১০.০০ |
| ৮৮ | জনাব মোঃ নুরনবী, সংবাদ বিতরণী, ঠাকুরগাঁও। | উপজেলা পরিষদে মার্চ/২০২৫ মাসের পত্রিকা বিল প্রদান। | ৯১৭৫০৮২ | ১০/০৪/২০২৫ | ৬৯০.০০ |
| ৮৯ | জনাব রতন কুমার শাহা, হলরুম কেয়ারটেকার, অস্থায়ী কর্মচারী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | শারীরিক চিকিৎসার জন্য আর্থিক সাহায্যে প্রদান। | ৯১৭৫০৮৩ | ১০/০৪/২০২৫ | ৫০০০.০০ |
| ৯০ | জনাব মোঃ ফাহিম হোসেন, অফিস সহায়ক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | উপজেলা নির্বাহী অফিসারের অফিসের টয়লেটের ২টি এডজাস্ট ফ্যান ও বৈদ্যুতিক যন্ত্রাংশ ক্রয় এবং মিস্ত্রি মজুরীর বিল প্রদান। | ৯১৭৫০৮৪ | ১০/০৪/২০২৫ | ৩১৯০.০০ |
| ৯১ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫০৮৫ | ১০/০৪/২০২৫ | ৩২০.০০ |
| ৯২ | জনাব মোঃ সেলিম হক, এক্সপার্ট, মেসার্স এস রহমান ট্রেডার্স, ঠাকুরগাঁও | উপজেলা নির্বাহী অফিসারের অফিসের আকাশ টিভি সেটিং, উপজেলা নির্বাহী অফিসারের লেখাই লাইটিং এর চেন ক্রয় মিস্ত্রি মজুরীর বিল প্রদান। | ৯১৭৫০৮৬ | ১০/০৪/২০২৫ | ৮৭৫২.০০ |
| ৯৩ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫০৮৭ | ১০/০৪/২০২৫ | ৯৭৩.০০ |
| ৯৪ | জনাব মোঃ শাহিন আলম, এ্যাপটাচ কম্পিউটার, ঠাকুরগাঁও। | উপজেলা নির্বাহী অফিসারের অফিসের কার্যালয়ে, উপজেলা পরিষদ কনফারেন্স রুমে, অডিটরিয়াম ও উপজেলা পরিষদের অভ্যন্তরে দক্ষ কারিগর সিসি ক্যামেরা স্থাপন কাজের মজুরীসহ বিল প্রদান। | ৯১৭৫০৮৮ | ১০/০৪/২০২৫ | ৮২০৮.০০ |
| ৯৫ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৯১৭৫০৮৯ | ১০/০৪/২০২৫ | ৯১২.০০ |
| ৯৬ | সাধারণ সম্পাদক, রেনেসা সংঘ, জগন্নাথপুর ইউনিয়ন, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | রেনেসা ক্লাব সংঘ মেরামতের জন্য আর্থিক অনুদান প্রদান | ৯১৭৫০৯০ | ১৭/০৪/২০২৫ | ৫০০০.০০ |
| ৯৭ | জনাব তানিয়া আক্তার, পিতা-মোঃ সমজান আলী, গ্রাম- পূর্ব হাজীপাড়া, ঠাকুরগাঁও পৌরসভা, ঠাকুরগাঁও | বাবার চিকিৎসার জন্য আর্থিক সাহায্য প্রদান। | ৯১৭৫০৯১ | ১৭/০৪/২০২৫ | ৫০০০০.০০ |
| ৯৮ | জনাব কুতুব উদ্দীন, দপ্তরী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পীরগঞ্জ, ঠাকুরগাঁও প্রেষণে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | স্ত্রীর চিকিৎসার জন্য আর্থিক সাহায্যে প্রদান। | ৯১৭৫০৯২ | ১৭/০৪/২০২৫ | ২০০০০.০০ |
| ৯৯ | জনাব মোঃ ইসমাইল হোসেন, বলাকা উদ্যান কেয়ারটেকার, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | স্ত্রীর চিকিৎসার জন্য আর্থিক সাহায্য প্রদান। | ৯১৭৫০৯৩ | ২০/০৪/২০২৫ | ১০০০০.০০ |
| ১০০ | জনাব মোঃ আব্দুর রহমান, পিতা-মৃত খোকা, গ্রাম- সালন্দর, ডাকঘর- সালন্দর, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | চিকিৎসার জন্য আর্থিক সাহায্য প্রদান। | ৯১৭৫০৯৪ | ২১/০৪/২০২৫ | ২০০০.০০ |
| ১০১ | জনাব মনি রায়, পিতা-মৃত মানিক চন্দ্র রায়, গ্রাম- মাতৃগাঁও, ডাকঘর- হরিনারায়নপুর, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | ঢাকা আইএইচটি কলেজে ভর্তি জন্য আর্থিক সাহায্য প্রদান। | ৯১৭৫০৯৫ | ২১/০৪/২০২৫ | ২০০০.০০ |
| ১০২ | জনাব আশরাফুল আলম(শাওন), প্রশিক্ষক (চারু-কারুকলা) কাম সমন্বয়কারী, উপজেলা শিল্পকলা একাডেমি, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | উপজেলা পর্যায়ে বাংলা নববর্ষ ১৪৩২ উপযাপনের জন্য আর্থিক অনুদান প্রদান। | ৯১৭৫০৯৬ | ২১/০৪/২০২৫ | ৫০০০০.০০ |

বর্ণিত ব্যয়গুলোর বিষয়ে সভায় আলোচনা হয়। সার্বিক বিবেচনায় ব্যয়সমূহ যৌক্তিক বিধায় ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা হয়।

## ০৬। প্রশাসক ও সভাপতি

জনাব মোঃ খাইরুল ইসলাম, প্রশাসক ও সভাপতি সভায় জানান যে, আজকের সভায় দীর্ঘ সময় ধরে বিভিন্ন আলোচনা হয়েছে এবং খুবই চমৎকার আলোচনা হয়েছে। তিনি জানান যে, সামনে জুন মাস। এই জুন/২০২৫ মাসের আগে সরকারভাবে যে সমস্ত দপ্তরের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে, তা যথাসময়ে ব্যয় করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধান, সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। পরিশেষে সকলের সু-স্বাস্থ্য কামনা করে এবং আবারও ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

24.04.25

(মোঃ খাইরুল ইসলাম)
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
unothakurgaon@mopa.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৯৪৯৪.০০০.৩৩.০০১.২৪-৭৭৪(৫০) তারিখ : ২৮/০৪/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৪। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৬। প্রশাসক, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
৭। ----------------------

28.04.25

(মোঃ খাইরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও
মোবাইল-০১৭০৭৪৪৯০৯০